

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি


স্মারক নং-জনসংযোগ/

তারিখ: ০৩/১২/২০১৫ খ্রি:

আগামী ১০ ডিসেম্বর বৃহস্পতিবার সকাল ১০টা হতে ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে দুর্নীতি দমন কমিশনের উদ্যোগে 'গণশুনানি' অনুষ্ঠিত হবে। যে সকল নাগরিকবৃন্দ ঢাকাস্থ তেজগাঁও, গুলশান ও সূত্রাপুর সাব-রেজিস্ট্রার অফিস এবং গুলশান, তেজগাঁও ও কোতয়ালী অঞ্চলের সহকারী কমিশনার (ভূমি) অফিসসমূহ হতে ভূমি সংক্রান্ত সেবা পেতে গিয়ে হয়রানি বা দুর্নীতির শিকার হয়েছেন তাদেরকে ঐদিন অনুষ্ঠিতব্য গণশুনানিতে দালিলিক প্রমাণাদিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো। তবে গণশুনানিতে শৃঙ্খলা বজায় রাখার জন্য আগামী ০৮ ডিসেম্বর, ২০১৫ তারিখের মধ্যে অংশগ্রহণেচ্ছুদের দুর্নীতি দমন কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

যোগাযোগের টেলিফোন নম্বর : ৯৩৪২৫৩৮ ও ৯৩৫৮৯৬৬

মোবাইল নম্বর : ০১৭৩০-৩০৩২০৩।



(প্রণব কুমার ভট্টাচার্য্য)

উপপরিচালক

ও

জনসংযোগ কর্মকর্তা

দুর্নীতি দমন কমিশন।